মেহেরপুর পৌরসভা কার্যালয়,মেহেরপুর।

৭নং ওয়ার্ড কমিটির (WC) সভা

সভাপতি	ঃ	জনাব নুরুল আশরাফ রাজীব, কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।
স্থান	ঃ	কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন,মল্লিকপাড়া ০৭নং ওয়ার্ড, মেহেরপুর পৌরসভা।
সভার তারিখ	ঃ	০৪/০৬/২০২১ খ্রিঃ, সময়- বিকাল- ৩.০০ ঘটিকায়।

সভাপতি মহোদয়ের অনুমতিক্রমে সদস্য সচিব সভায় উপস্থিত সকল সম্মানিত সদস্য ও সহায়ক কর্মকর্তাগনকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। তিনি ওয়ার্ডের চলমান উন্নয়নমূলক কর্মকান্ড সম্পর্কে আলোচনা করেন।

সভাপতি মহোদয় WC র সভায় উপস্থিত হওয়ার জন্য সকলকে সালাম ও শুভেচ্ছা জানান। তিনি জ্ঞাত করেন যে ওয়ার্ড সমন্বয় কমিটি আইন দ্বারা স্বীকৃত একটি কমিটি। প্রতি তিন মাস পর পর ওয়ার্ডের বিভিন্ন বিষয় নিয়ে আলোচনা করার জন্য আমরা একত্রিত হই নিয়মিত। নিয়মিত পৌর কর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগীতা করার জন্য তিনি সদস্যদের অনুরোধ করেন।

আলোচ্যসূচীঃ

১। বিগত সভার কার্যবিবরনী পাঠ ও অনুমোদন প্রসংগে।

২। সড়ক বাতি স্থাপন প্রসংগে।

৩। ড্রেন নির্মান প্রসংগে ।

৪। বিবিধ।

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ড়	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
০১	বিগত সভার কার্য বিবরনী পাঠ ও অনুমোদন	সদস্য সচিব আলোচ্য সূচীর উপর আলোচনা করেন। তিনি পূর্ববর্তী সভার কার্য বিবরনী পাঠ আলোচনা ও অনুমোদন গ্রহন করেন।	TLCC র সভার মাধ্যমে মাসিক মিটিং এ উপস্থাপন করে পর্যায়ক্রম সমস্যা সমূহ সমাধানের সিদ্ধান্ড় গৃহীত হয়।	সচিব
০২	সড়ক বাতি স্থাপন প্রসংগে	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য জনাব মোঃ তারিক হোসেন, নতুন সেখ পাড়া, মেহেরপুর বলেন ০৭নং ওয়ার্ড নতুন সেখ পাড়ায় বেশ কিছু সড়ক বাতি না থাকায় জনসাধারনকে অন্ধকারে চলাচল করতে হয়। এছাড়াও দুষ্কৃতিকারীদের আনাগোনা বৃদ্ধি পাচ্ছে। মাধে মধ্যে দুইএকটিও ছোট খাট চুরির ঘটনাও ঘটছে। সেকারনে রাস্ড়াগুলিতে নতুন পোলসহ সড়ক বাতি স্থাপন করা জর"রী। এ বিষয়ে জনাব মোঃ মজিবুল হক মিলন জানান যে সকল রাস্ড়ায় বিদ্যুৎ পোল নাই সে সকল রাস্ড়য় সৌর বিদ্যুৎ চালিত সড়ক বাতি স্থাপন করা যেতে পারে। বিষয়টি পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনে টিএলসিসির সভায় উপস্থাপনের সুপারিশ করেন।	ওয়ার্ডের সড়ক বাতি স্থাপনের জন্য TLCCর সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়।	নির্বাহী প্রকৌশলী
০৩	ড্রেন নির্মান প্রসংগে	আলোচ্য সূচীর উপর আলোচনা করেন সদস্য জনাব মোছাঃ বিউটি খাতুন, মলিণ্ডকপাড়া মেহেরপুর। তিনি জানান যে, ০৭নং ওয়ার্ডে	ওয়ার্ডের ড্রেন নির্মানের জন্য টিএলসিসি এর	নির্বাহী প্রকৌশলী

ক্রঃনং	আলোচ্য সূচী	আলোচনা	গৃহীত সিদ্ধান্ড়	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/কর্মকর্তা
		আশাবুল মিয়ার পুকুর পাড়ে রাস্ড়াটিতে কোন ড্রেন না থাকায় বসতবাড়ী ব্যবহৃত পানি সহ বৃষ্টির পানি নিষ্কাশনে এলাকাবাসীকে সীমাহীন দুর্ভোগ পোহাতে হচ্ছে। সে কারনে এলাকায় নতুন ড্রেন নির্মান অতীব জর"রী। ড্রেন নির্মানের বিষয়টি পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষনে টিএলসিসির সভায় উপস্থাপনের সুপারিশ করেন।	সভায় উপস্থাপনের সুপারিশ করা হয়।	
০৪	বিবিধ	আলোচনায় মোছাঃ রাহাতন, মলিণ্ঢকপাড়া, মেহেরপুর পৌরসভা জানান যে, সম্প্রতি এ এলাকায় ব্যাপক হারে মশক নিধন স্প্রে করায় মশার উপদ্রব নেই বললেই চলে। সে কারনে তিনি মেয়র মহোদয়কে আন্ড়রিক ধন্যবাদ জানান। সম্প্রতি চলতি বর্ষায় রাস্ড়ার পাশে ঝোপ জঙ্গল বৃদ্ধি পেয়েছে। রাস্ড়ার পাশ্বস্থ ঝোপঝাড় গুলি পরিষ্কারের জন্য পৌর কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষন করেন।	রাস্ড়ার পাশ্বস্থ ঝোপঝাড় গুলো পরিষ্কারের জন্য পৌর কর্তৃপক্ষকে অনুরোধ জানানো হয়।	স্যানিটারী ইন্সপেক্টর, মেহেরপুর পৌরসভা।

সহ-সভাপতি সকল সদস্যকে সভায় উপস্থিত হওয়ার জন্য ধন্যবাদ জানান। নিয়মিত পৌরকর দিয়ে এলাকার উন্নয়নে সহযোগিতা করার সুযোগ করে দিতে সদস্যদের অনুরোধ করেন। তাদের সমস্যা গুলো পৌর পরিষদে আলোচনার মাধ্যমে পর্যায়ক্রমে সমাধানের চেষ্টা করবেন বলে সদস্যদের আশ্বস্ড় করেন।

অতপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ ও আগাম ঈদের শুভেচ্ছা জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।

04.06.21

(নুরুল আশরাফ রাজীব)
সভাপতি(WC)
ও
৭নং ওয়ার্ড কাউন্সিলর
মেহেরপুর পৌরসভা।

মেহেরপুর পৌরসভা কার্যালয়

মেহেরপুর।

পরিশিষ্ট-ক

সভার তারিখ ঃ ০৪/০৬/২০২১, সময়ঃ বিকাল- ৩.০০ ঘটিকা
সভার স্থান ঃ কাউন্সিলর সাহেবের নিজস্ব বাসভবন।

উপস্থিত সদস্যগণের নাম ও স্বাক্ষরঃ

ক্রমিক নং	নাম	পদবী	স্বাক্ষর
১	জনাব নুরুল আশরাফ রাজীব	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	04.06.21
২	জনাব হামিদা	কাউন্সিলর, মেহেরপুর পৌরসভা।	
৩	জনাব মোছাঃ রাহাতন	মল্লিকপাড়া, মেহেরপুর	
৪	জনাব মোঃ তারিকুল ইসলাম	মল্লিকপাড়া, মেহেরপুর	
৫	জনাব মোঃ তারিক হোসেন	নতুন সেখপাড়া, মেহেরপুর	
৬	জনাব মোছাঃ কুসুম	মল্লিকপাড়া, মেহেরপুর	
৭	জনাব মোঃ সহল উদ্দিন	মল্লিকপাড়া, মেহেরপুর	
৮	জনাব মোঃ মজিবুল হক মিলন	মল্লিকপাড়া, মেহেরপুর	
৯	জনাব মোছাঃ বিউটি খাতুন	মল্লিকপাড়া, মেহেরপুর	
১০	জনাব মোঃ মাসুদ রানা	উপ-সহকারী প্রকৌশলী	